





তারিখঃ ১৪ ই অক্টোবর, ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি



১৪ই অক্টোবর, ২০২৪ তারিখে সেন্ট্রাল কাউন্টারপাটি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এবং সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর যৌথ উদ্যোগে 'বিশ্ববিনিয়োগকারী সপ্তাহ-২০২৪' এর সমাপনী অনুষ্ঠান ভার্চুয়াল প্ল্যাটফর্মে উদযাপন করা হয়।

উক্ত অনুষ্ঠানে 'প্রযুক্তি এবং ডিজিটাল অর্থায়ন' এর উপর মূল প্রবন্ধ উপস্থাপনা করেন সিডিবিএল এর ভারপাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো: আবদুল মোতালেব তিনি আধুনিক ও সময়োপযুগী পুঁজিবাজার গড়ে তুলতে ব্লক চেইন, আটিফিশিয়াল ইন্টিলিজেন্স, সাইবার সিকিউরিটির মতো আধুনিক প্রযুক্তির ব্যবহার ও বিনিয়োগকারীদের স্বার্থ-সুরক্ষায় প্রযুক্তি ও ডিজিটাল ফাইন্যান্সের গুরুত্বের উপর আলোকপাত করেন।

সমাপনী ও ধন্যবাদ বক্তব্যে প্রদান করেন সিসিবিএল এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব ফরহাদ আহমেদ। তিনি বলেন সারা বিশ্বের সিকিউরিটিজ মার্কেটের মান নির্ধারণকারী, ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশন বা IOSCO এর বিনিয়োগ শিক্ষার মাধ্যমে বিনিয়োগকারীদের সুরক্ষা বৃদ্ধির জন্য এই সপ্তাহ পালন করে।

তিনি বিশ্ববিনিয়োগকারী দিবস ২০২৪ উপলক্ষে বিনিয়োগকারীদের প্রতি সিকিউরিটিজ মার্কেটের standard setter IOSCO এর মূল বার্তা গুলো তুলে ধরেন। এই বংসর বিশ্ববিনিয়োগকারী সপ্তাহের অনুষ্ঠানের মূল বিষয় সমূহ হচ্ছে প্রযুক্তি ও ডিজিটাল ফাইন্যান্স, ক্রিপ্টো অ্যাসেট, টেকসই অর্থনীতি, জালিয়াতি ও কেলেঙ্কারি প্রতিরোধ, বিনিয়োগকারী সহনশীলতা ও বিনিয়োগের মৌলিক বিষয়াবলি।

তিনি বলেন বিনিয়োগকারীদের সুরক্ষা নিশ্চিত না করা গেলে পুঁজিবাজারের প্রবৃদ্ধি স্থিতিশীলভাবে হবে না







World Investor Week-2024

তাছাড়া জালিয়াতি এবং প্রতারণা প্রতিরোধে এবং সম্পদের নিরপত্তার জন্য একজন বিনিযোগকারীর কী করা উচিত এবং এই ধরনের ঘটনার সম্মুখীন হলে কোথায় এবং কিভাবে অভিযোগ দাখিল করতে হবে তাও উল্লেখ করেন।

রাকিবুল ইসলাম চৌধুরী

জেনারেল ম্যানেজার, সিডিবিএল

Regardo

অনস্ত কুমার সরকার কোম্পানী সেক্রেটারী, সিসিবিএল